ফাতওয়া নাম্বার:২৭৬ প্রকাশকালঃ২৪-০৮-২০২১ ইং

মাসিক নির্দিষ্ট হারে প্রদানের শর্তের ঋণ চুক্তির হুকুম কী?

প্রশ্ন:

আমার ভাই অন্য এক ভাইকে স্ট্যাম্প করে ছয় মাস মেয়াদে এক লাখ টাকা দেন। তাদের মাঝে চুক্তি হয়,প্রতি মাসে পাঁচ হাজার করে টাকা দিতে হবে। আমার জানার বিষয় হল, এটা কি সুদ হবে?

প্রশ্নকারী-জিহাদুর রহমান জসীম

উত্তর:

بسم الله الرحمن الرحيم

আপনার প্রশ্নটি অস্পষ্ট। আপনার উদ্দেশ্য যদি এমন হয় যে, আপনার ভাই অন্য ভাইকে যে টাকা দিয়েছেন, তার বিপরীতে তাকে প্রতি মাসে ৫০০০ করে লাভ দিতে হবে, তাহলে এটা সুস্পষ্ট সুদি কারবার, যা সম্পূর্ণ হারাম এবং লানতযোগ্য অপরাধ। আপনার ভাইয়ের কর্তব্য, অবিলম্বে এ ধরনের চুক্তি বাতিল করা এবং যা দিয়েছে, তার অতিরিক্ত টাকা নিয়ে থাকলে
ফেরত দেয়া।

আর যদি আপনার উদ্দেশ্য ভিন্ন কিছু হয়, তাহলে পুনরায় বিস্তারিত লিখুন।

আরও দেখতে পারেন, ফতোয়া নং ১৫৯:'বান্দার হক ফিরিয়ে না দিয়ে দান করে দিলে কি দায়মুক্ত হওয়া যাবে?

ফতোয়া নং ১৭৫: 'সুদের টাকা কোথায় সাদাকা করা উত্তম?

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

১৫-১২-১৪৪৩ হি.
১৫-০৭-২০২২ ঈ.